



জেলা পরিষদ
চট্টগ্রাম
www.zpchattogram.org

স্মারক নং : ৪৬.৪২.১৫০০.০০০.০০১.৬১.০০০১.২৩.৬৮৭৪

তারিখ: ৩০ মাঘ ১৪৩১
১৩ ফেব্রুয়ারি ২০২৫

বিভাগীয় মামলা নং-০১/২০২৫

বিষয় : জনাব ইমতেয়াজ নাঈম (সাময়িক বরখাস্ত), সার্ভেয়ার, জেলা পরিষদ, চট্টগ্রাম এর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুকরণ।

'অভিযোগনামা'

যেহেতু, আপনি জনাব ইমতেয়াজ নাঈম (সাময়িক বরখাস্ত), সার্ভেয়ার, জেলা পরিষদ, চট্টগ্রাম এ দায়িত্বে থাকা অবস্থায় মোট ২৫টি জমা রশিদ বই বিভিন্ন তারিখে সংশ্লিষ্ট শাখা সহকারী থেকে গ্রহণ করেন। নিয়ম অনুযায়ী জমি ইজারার খাজনার টাকা জেলা পরিষদের নির্ধারিত রশিদের মাধ্যমে আদায়পূর্বক আদায়কারী কর্তৃক তাৎক্ষণিক সোনালী ব্যাংক লিমিটেড, কোর্টহিল শাখা, চট্টগ্রাম; হিসাব নম্বর: ১০০৭০০১০০০৬১৬ এ জমাকরণের বিধান রয়েছে। কিন্তু উল্লিখিত ২৫টি বইয়ের মধ্যে প্রাথমিক যাচাইন্তে মোট ৯৭,৩৮,৭১২/- (সাতানব্বই লক্ষ আটত্রিশ হাজার সাতশত বারো) টাকা আপনি নিজেই গ্রহণপূর্বক সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করেননি। এতে আপনি অর্থ আত্মসাতের ঘটনা ঘটিয়েছেন মর্মে প্রতীয়মান হয়। যা অফিস শৃঙ্খলা পরিপন্থি ও শাস্তিযোগ্য অপরাধ;

এবং

০২। যেহেতু, আপনি উপর্যুক্ত বিষয়ে জেলা পরিষদের উর্ধ্বতন কর্তৃপক্ষের উপস্থিতিতে জিজ্ঞাসাবাদে রশিদের মাধ্যমে ইজারাগ্রহীতাদের নিকট হতে খাজনার টাকা গ্রহণ এবং তা আত্মসাৎ করার বিষয়টি স্বীকার করেন।

এবং

০৩। যেহেতু, আপনাকে উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে বিগত ২২.০১.২০২৫খ্রি: তারিখে চট্টগ্রাম মহানগরের কোতোয়ালী থানায় অভিযোগ দায়ের করে ঐদিন আপনাকে থানায় সোপর্দ করা হয়; আপনার এ জাতীয় কর্মকাণ্ড স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এর বিধি ৩৮ এর উপবিধি 'চ' অনুযায়ী 'অর্থ আত্মসাৎ' এর পর্যায়ভুক্ত অপরাধের অভিযোগে অভিযুক্ত করে আপনার বিরুদ্ধে বিভাগীয় কার্যক্রম গ্রহণ করা সমীচীন;

০৪। সেহেতু, আপনি জনাব ইমতেয়াজ নাঈম (সাময়িক বরখাস্ত), সার্ভেয়ার, জেলা পরিষদ, চট্টগ্রাম-কে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এর উপবিধি ৩৮ এর উপবিধি 'চ' মোতাবেক অভিযুক্ত করা হলো এবং উল্লিখিত বিধির ৩৯(খ) এর (আ) (ই) (ঈ) ধারা মোতাবেক কেন আপনার কর্তৃক সংঘটিত জেলা পরিষদের আর্থিক ক্ষতির সম্পূর্ণ অর্থ আপনার প্রাপ্য বেতন বা অন্য কোন খাত হতে আদায় করা হবেনা বা চাকুরি হতে অপসারণ বা চাকুরি হতে বরখাস্ত করা হবে না এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর নির্দেশ প্রদান করা হলো। আপনি কোন ব্যক্তিগত শুনানী চান কিনা তাও জবাবের সাথে উল্লেখ করবেন। যে অভিযোগ বিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার একটি অনুলিপি এ সাথে সংযুক্ত করা হলো।

(মো. দিদারুল আলিম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
ফোন: ০২৪১৩৬১০৮৩
ফ্যাক্স: ০২৪১৩৬১০৮৫
zpchittagong@lgd.gov.bd


জনাব ইমতেয়াজ নাঈম (সাময়িক বরখাস্ত)
সার্ভেয়ার
জেলা পরিষদ, চট্টগ্রাম

স্থায়ী ঠিকানা:
প্রযত্নে: আব্দুল জব্বার পন্ডিত বাড়ি
জনাব ইমতেয়াজ নাঈম
পিতা: রুহুল আমিন, মাতা: ফরিদা ইয়াসমিন
গ্রাম: উত্তর বিনই, ডাক+উপ: লাকসাম, জেলা: কুমিল্লা

'অভিযোগ বিবরণী'

জনাব ইমতেয়াজ নাঈম (সাময়িক বরখাস্ত), সার্ভেয়ার, জেলা পরিষদ, চট্টগ্রাম-কে দায়িত্বে থাকা অবস্থায় গুরুতর আর্থিক অনিয়ম তথা অর্থ আত্মসাতের কারণে ২২.০১.২০২৫খ্রি: তারিখ সাময়িক বরখাস্ত করা হয়। তদপ্রেক্ষিতে চট্টগ্রাম মহানগরের কোতোয়ালী থানায় বিগত ২২.০১.২০২৫খ্রি: তারিখে অভিযোগ দায়ের করে ঐদিন তাকে থানায় সোপর্দ করা হয়। তার বিরুদ্ধে আনীত অভিযোগ নিম্নরূপ:

১. তিনি সার্ভেয়ার-এর দায়িত্বে থাকা অবস্থায় মোট ২৫টি জমা রশিদ বই সংশ্লিষ্ট শাখা সহকারী থেকে বিভিন্ন তারিখে গ্রহণ করেন। নিয়ম অনুযায়ী জমি ইজারার খাজনার টাকা জেলা পরিষদের নির্ধারিত রশিদের মাধ্যমে আদায়পূর্বক তাৎক্ষণিক আদায়কারী কর্তৃক সোনালী ব্যাংক লিমিটেড, কোর্টহিল শাখা, চট্টগ্রাম; হিসাব নম্বর: ১০০৭০০১০০০৬১৬ এ জমাকরণের বিধান রয়েছে। কিন্তু উল্লিখিত ২৫টি বইয়ের মধ্যে প্রাথমিক যাচাইস্বে মোট ৯৭,৩৮,৭১২/- (সাতানব্বই লক্ষ আটত্রিশ হাজার সাতশত বারো) টাকা জনাব ইমতেয়াজ নাঈম নিজেই গ্রহণপূর্বক সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করেননি। এতে তিনি নিজেই অর্থ আত্মসাতের ঘটনা ঘটিয়েছেন মর্মে প্রতীয়মান হয়। এ বিষয়ে জেলা পরিষদের উর্ধ্বতন কর্তৃপক্ষের উপস্থিতিতে জিজ্ঞাসাবাদে তিনি রশিদের মাধ্যমে ইজারাগ্রহীতাদের নিকট হতে খাজনার টাকা গ্রহণ এবং তা আত্মসাৎ করার বিষয়টি স্বীকার করেন;
২. জনাব ইমতেয়াজ নাঈম (সাময়িক বরখাস্ত), সার্ভেয়ার, জেলা পরিষদ, চট্টগ্রাম - এর উক্তরূপ কার্যকলাপ স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এর বিধি ৩৮ এর উপবিধি 'চ' অনুযায়ী 'অর্থ আত্মসাৎ' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।



(মো. দিদারুল আলম)

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

জেলা পরিষদ, চট্টগ্রাম

ফোন: ০২৪১৩৬১০৮৩

ফ্যাক্স: ০২৪১৩৬১০৮৫

zpchittagong@lgd.gov.bd